

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিতরণপ্রম/শাখা-১৫/এনটিবিবি-১/২০০৫/১৪৮

তারিখ : ০৮/১১/২০০৯ খ্রি:

প্রজ্ঞাপন

National Taskforce on Biotechnology of Bangladesh (NTBB) কর্তৃক প্রণীত নীতিসমূহ বাস্তবায়ন, জীবপ্রযুক্তি বিষয়ক গবেষণা ও উন্নয়ন এবং কৃষি, খাদ্য, মৎস্য ও পশু সম্পদ, ঔষধ ও রাসায়নিক দ্রব্যাদি উৎপাদনের ক্ষেত্রে উহার ব্যবহার, প্রয়োগ, প্রচলন, বিপন্নন ও বাণিজ্যিকীকরণ কার্যাদি পরিবীক্ষণ ও মূল্যায়নের নিমিত্ত নিম্নোক্তভাবে “জীবপ্রযুক্তি বিষয়ক জাতীয় নির্বাহী কমিটি National Executive Committee on Biotechnology (NECB)” পুনর্গঠন করা হলো :

(খ) জীবপ্রযুক্তি বিষয়ক জাতীয় নির্বাহী কমিটি National Executive Committee on Biotechnology (NECB):

১. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব	নির্বাহী চেয়ারম্যান
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়	সদস্য
৩. সদস্য, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।	সদস্য
৪. সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ	সদস্য
৫. সচিব, বাণিজ্য মন্ত্রণালয়	সদস্য
৬. সচিব, মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয়	সদস্য
৭. সচিব, শিল্প মন্ত্রণালয়	সদস্য
৮. সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়	সদস্য
৯. সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়	সদস্য
১০. সচিব, কৃষি মন্ত্রণালয়	সদস্য
১১. সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়	সদস্য
১২. এ কে এম সায়েদুল হক চৌধুরী, অধ্যাপক, এগ্রোনমি এবং বিভাগীয় প্রধান বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।	বিজ্ঞানী সদস্য
১৩. রাখ হরি সরকার, অধ্যাপক, উদ্ভিদ বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।	বিজ্ঞানী সদস্য
১৪. সচিব, বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়	সদস্য সচিব

কমিটির কার্যপরিধি :

- ১) জাতীয় জীবপ্রযুক্তি বিষয়ক টাস্কফোর্স (NTBB) প্রদত্ত নির্দেশাবলী বাস্তবায়ন;
- ২) জীবপ্রযুক্তি ভিত্তিক গবেষণা ও উন্নয়নমূলক কার্যক্রম সূশৃঙ্খল ও তার যথাযথ প্রয়োগের লক্ষ্যে জীবপ্রযুক্তি নীতিমালা প্রণয়ন;
- ৩) জীবপ্রযুক্তি ভিত্তিক গবেষণার বর্তমান অবস্থা পরিবীক্ষণ ও মূল্যায়ন এবং ভবিষ্যৎ উন্নয়নের লক্ষ্যে কর্মসূচী প্রণয়ন;
- ৪) জীবপ্রযুক্তি ভিত্তিক গবেষণার স্বল্প ও দীর্ঘ-মেয়াদি কার্যক্রমের পরিকল্পনা তৈরি;
- ৫) জীবপ্রযুক্তি বিষয়ক গুরুত্বপূর্ণ বিষয়াদির নীতি নির্ধারণের লক্ষ্যে সুপারিশ প্রদান;
- ৬) কমিটি প্রয়োজনবোধে কোন সংস্থা/বিশেষজ্ঞ-কে Co-opt করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

২১/১১/০৯

(মোঃ আব্দুল মালেক)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৫৫৪৫৩